

ঢাকায় মার্কিন দূতাবাসে কনস্যুলার সেবা বন্ধ

- A Monitor Desk Report

Date: 15 August, 2024



ঢাকাঃ ঢাকায় অবস্থিত মার্কিন দূতাবাসের কনস্যুলার সেবা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার (১৩ আগস্ট) দূতাবাসের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ ঘোষণা দেওয়া হয়। তবে গত ৬ আগস্ট থেকে দূতাবাসের কার্যক্রম বন্ধ আছে। তখন বলা হয়েছিল, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত যুক্তরাষ্ট্র দূতাবাসের কার্যক্রম বন্ধ থাকবে বলে জানিয়েছেন কর্মকর্তারা।

ফেসবুক পোস্টে দূতাবাসের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে ঘোষণা দিয়ে বলা হয়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কনস্যুলার সেবা বন্ধ থাকবে। কারণ যদি ভিসা অ্যাপয়েনমেন্ট নেওয়া থাকে, তবে তারা কনস্যুলার সেকশনের পরবর্তী নির্দেশনা পর্যন্ত অপেক্ষা করেন। আর রিঅ্যাপয়েনমেন্টের জন্য একটি লিংকও দেওয়া হয়েছে।

এর আগে গত ৭ আগস্ট বুধবার বাংলাদেশে কর্মরত মার্কিন নাগরিকদের জন্য সতর্কতা জারি করে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর। ওই সতর্কতায় ঝুঁকির মাত্রা লেভেল ফোর উল্লেখ করা হয়। এর মাধ্যমে বাংলাদেশে ভ্রমণে নিষেধাজ্ঞা দেওয়া হয় এবং দূতাবাসে জরুরি নন- এমন কর্মকর্তাদের দেশে ফেরত পাঠানো হয়।

-B